# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে কোন একটি স্থান নির্দিষ্ট করা নিষেধ, যখন কোন ব্যক্তি সালাত আদায় করা অথবা যিকর করা ছাড়া অন্য কোন কারণে নিজের জন্য নির্দিষ্ট করে নিবে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الزَّجْرَ عَنْ إِيطَانِ الْمَرْءِ الْمَكَانَ الْوَاحِدَ فِي الْمَسْجِدِ إِنَّمَا زُجِر عَنْهُ إِذَا فَعَلَ ذَلِكَ لِغَيْرِ الصَّلَاةِ وَذِكْرِ اللَّهِ

---

আরবী

2275 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ قَالَ: أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي ذِئْبٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا يُوطِّنُ الرَّجُلُ الْمَسْجِدَ لِلصَّلَاةِ ـ أَوْ لِذِكْرِ اللَّهِ ـ إِلَّا تبشْبَشَ اللَّهُ بِهِ كَمَا يَتَبَشْبَشُ أَهْلُ الْغَائِبِ إِذَا قَدِمَ عَلَيْهِمْ غَائِبُهُمْ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2275 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 126)

বাংলা

২২৭৫. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন কোন ব্যক্তি সালাত আদায় করার জন্য অথবা আল্লাহর যিকর করার জন্য মাসজিদ (এর কোন জায়গা) নির্দিষ্ট করে নেয়, তখন আল্লাহ তেমনি খুশি হন, যেমন কোন প্রবাসী ব্যক্তির আগমনে তার পরিবারের লোকজন খুশি হন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩২৮; আত তায়ালিসী: ২৩৩৪; বাগাবী, মুসনাদু ইবনিল জা'দ: ২৯৩৯; ইবনু মাজাহ: ৮০০; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫০৩; হাকিম: ১/২১৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91593

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন